



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)



স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৪০.০০৪.২১-০৭)৩৩

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮
১৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ খ্রি: এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব এস এম মাহবুবুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ও চিফ ইনোভেশন অফিসার
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
সভার তারিখ : ০৯/০৯/২০২১ খ্রিঃ
সভার সময় : বেলা ০৩.০০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

সভায় কমিটির সদস্যবৃন্দের উপস্থিতি সংযোজনী-“ক”

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রম	কর্মসম্পাদন ক্ষেত্র	কর্মসম্পাদন সূচক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	[১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	সভাপতি উদ্ভাবন কর্মপরিকল্পনায় নির্ধারিত আগামী ১৬/০৩/২০২২ খ্রি: তারিখের মধ্যে নতুন একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার উপর গুরুত্বারোপ করেন।	নির্ধারিত সময়ের মধ্যে নতুন একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে।	সকল বিভাগ/শাখা ও ইনোভেশন টিম, বামুকট্টা।
		[১.২] সেবা সহজিকরণ	ট্রাস্টের সচিব বলেন, উদ্ভাবন কর্মপরিকল্পনায় নির্ধারিত আগামী ১৬/০৩/২০২২ খ্রি: তারিখের মধ্যে নতুন উদ্ভাবনকৃত সেবা সহজিকরণের নির্দেশনা রয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে নতুন উদ্ভাবনকৃত সেবা সহজিকরণ করতে হবে।	
		[১.৩] সেবা ডিজিটাইজেশন	সভাপতি ট্রাস্ট কর্তৃক বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রদত্ত সেবাসমূহ ডিজিটাইজেশনের আওতায় আনার নির্দেশনা প্রদান করেন।	আগামী ৩০/১২/২০২১ খ্রি: তারিখের মধ্যে এ ট্রাস্ট কর্তৃক বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রদত্ত সকল সেবা ডিজিটাইজেশনের আওতায় আনতে হবে।	

চলমান পাতা-০২

✓

ক্রম	কর্মসম্পাদন ক্ষেত্র	কর্মসম্পাদন সূচক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		[১.৪] ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা	ট্রাস্টের সচিব ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।	সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে।	সকল বিভাগ/শাখা ও ইনোভেশন টিম, বামুকট্টা।
		[১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি	শতকরা ৮০% নোট ই-নথিতে বাস্তবায়ন করার নির্দেশনা থাকলেও তা যথাযথভাবে বাস্তবায়িত না হওয়ায় সভাপতি ক্ষোভ প্রকাশ করেন। তিনি প্রত্যেক বিভাগ/শাখাকে ই-নথিতে নোট উপস্থাপনের উপর গুরুত্বারোপ করেন।	প্রত্যেক বিভাগ/শাখা থেকে ই-নথিতে নোট উপস্থাপন করতে হবে।	সকল বিভাগ/শাখা বামুকট্টা।
		[১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ০২ (দুই)টি অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনের পরিকল্পনা রয়েছে এবং তা বাস্তবায়ন করতে হবে।	যথাসময়ে ০২ (দুই)টি অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করতে হবে।	
২	[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি	[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	সভাপতি বলেন, এ ট্রাস্টের তথ্য বাতায়ন যথাসময়ে হালনাগাদ করা হয়না। তিনি প্রতিনিয়ত তথ্য বাতায়নে রক্ষিত সেবাবস্তুসমূহ হালনাগাদ করার উপর গুরুত্বারোপ করেন।	ট্রাস্টের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে।	সহকারী প্রোগ্রামার (আইসিটি), বামুকট্টা।
		[২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত	সভাপতি এ ট্রাস্ট কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন।	এ ট্রাস্ট কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।	সহকারী প্রোগ্রামার (আইসিটি), বামুকট্টা।
	[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত	ট্রাস্টের সচিব জানান, কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ০৪টি প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট সংখ্যক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট ইনোভেশন টিম, বামুকট্টা।
		[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ ও বরাদ্দকৃত অর্থ ব্যয় করার উপর গুরুত্বারোপ করেন।	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ রাখতে হবে এবং বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।	পরিচালক (অর্থ), ফোকাল পয়েন্ট ইনোভেশন টিম, বামুকট্টা।

	[২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত	ট্রাস্টের সচিব বলেন, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বিষয়ে ২০২১-২০২২ অর্থবছরে ০৪টি সভা আহ্বানের পরিকল্পনা রয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট সংখ্যক সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট ইনোভেশন টিম, বামুকট্টা।
	[২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত	সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।	নির্ধারিত সময়ের মধ্যে কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	ফোকাল পয়েন্ট ইনোভেশন টিম, বামুকট্টা।
	[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	সভাপতি জানান দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করতে হবে।	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ফোকাল পয়েন্ট ইনোভেশন টিম, বামুকট্টা।

০২। অতঃপর আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১৪/০৯/২০২১

(এস এম মাহবুবুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

ও

চিফ ইনোভেশন অফিসার


ফোনঃ ৯৫৫৬১৮১৩

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৪০.০০৪.২১-১৩৩৩

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮
১৪ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
- ০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ০৩। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ০৪। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ০৫। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অর্থ) ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৭। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ০৮। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার জন্য)
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল


(তরফদার মোঃ আক্তার জামিল)
সচিব (উপসচিব)

ও

ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট